# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৮৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বিভিন্ন সালাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক কুনূতে নাযেলাহ পাঠ না করা মর্মে বর্ণনা

ذِكْرُ نَفْيِ الْقُنُوتِ عَنْهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الصَّلَوَاتِ

আরবী

1986 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا خَلَفُ بْنُ خَلِيفَةَ عَنْ أَبِي مَالِكٍ الْأَشْجَعِيِّ عَنْ أَبِيهِ قَالَ: صَلَّيْتُ خَلْفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يَقْنُتْ وَصَلَّيْتُ خَلْفَ أَبِي بَكْرٍ فَلَمْ يَقْنُتْ وَصَلَّيْتُ خَلْفَ عُمَرَ فَلَمْ يَقْنُتْ وَصَلَّيْتُ خَلْفَ عُثْمَانَ فَلَمْ يَقْنُتْ وَصَلَّيْتُ خَلْفَ عَلِيٍّ فَلَمْ يَقْنُتْ ثم قال: يا بني إنها بدعة

الراوي : أَبُو مَالِكٍ الْأَشْجَعِيّ عَنْ أَبِيهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1986 | خلاصة حكم المحدث: صحيح لغيره - ((الإرواء)) (435) , ((المشكاة)) (1292)

বাংলা

১৯৮৬. আবূ মালিক আল আশজা‘ঈ তার বাবার সূত্রে বর্ণনা করেন, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পেছনে সালাত আদায় করেছি, কিন্তু তিনি কুনূতে পাঠ করেননি, আমি আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর পেছনে সালাত আদায় করেছি, কিন্তু তিনি কুনূতে পাঠ করেননি, আমি উমার রাদ্বিয়াল্লাহু আনহুর পেছনে সালাত আদায় করেছি, কিন্তু তিনি কুনূতে পাঠ করেননি, আমি উসমান রাদ্বিয়াল্লাহু আনহুর পেছনে সালাত আদায় করেছি, কিন্তু তিনি কুনূতে পাঠ করেননি এবং আলী রাদ্বিয়াল্লাহু আনহুর পেছনেও সালাত আদায় করেছি, কিন্তু তিনিও কুনূতে পাঠ করেননি।” তারপর তিনি তার ছেলেকে বলেন, “বৎস, নিশ্চয়ই এটা বিদ‘আত।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ২/২০৪; মুসনাদ আহমাদ: ৬/৩৯৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩০৮; ইবনু মাজাহ: ১২৪১; তাবারানী আল কাবীর: ৮১৭৯; তিরমিযী: ৪০২; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২৪৯; সুনান বাইহাকী:

২/২১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ লিগাইরিহী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (মিশকাত: ১২৯২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবু মালেক আল-আশজাঈ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91303

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন